



কমন সার্ভিসেস ডিভিশন, কর্পোরেট হেড অফিস, ঢাকা।

এসজেআইবিএল/সিএইচও/সিএসডি/২০২০/০০৭৬

তারিখঃ ১৯ জানুয়ারী ২০২০

বিষয়ঃ ব্যাংকের সাব-স্টাফদের ইউনিফর্ম এর দরপত্র দাখিল প্রসঙ্গে।

ব্যাংকের সাব-স্টাফদের ইউনিফর্ম প্রদানের লক্ষ্যে ব্যাংকের লগোখচিত পোশাক তৈরী ও সরবরাহ করার জন্য নিম্নোক্ত বিবরণ অনুযায়ী আগামী ২৭ জানুয়ারী ২০২০ ইং তারিখের মধ্যে সিলমোহরকৃত দরপত্র আহবান করা হলো।

ক্রমিক নং	পোশাকের বিবরণ	মূল্য	মন্তব্য
০১	প্রতি সেট (১ টি ফুল শার্ট ও ১ টি ফুল প্যান্ট)		সাব-স্টাফ (মেসেঞ্জার, ড্রাইভার, লিফটম্যান, ইলেক্ট্রিশিয়ান ও অন্যান্য) মোট = ৬২০ সেট (আনুমানিক)
০২	প্রতি সেট (১ টি ফুল শার্ট, ১ টি ফুল প্যান্ট, ১টি বেল্ট ও ১ টি নেমপ্লেট)		সিকিউরিটি স্টাফ ( গার্ড এবং গানম্যান) মোট = ৪১০ সেট (আনুমানিক)

কাপড়ের বিস্তারিত বিবরণ :

কাপড়ের বিবরণ	তৈরীকারী কোম্পানীর নাম	দেশের নাম	মন্তব্য
কটন-৭৫%, পলিষ্টার-২৫% বহর-৫৮", রং-খাকী	অক্সফোর্ড/ আসওয়ান টেক্সটাইল	বাংলাদেশী	সিকিউরিটি স্টাফ ( গার্ড এবং গানম্যানের জন্য)
কাউন্ট-৪১X৪১ বহর-৪৪"/৪৫", রং-আকাশী	টরে-লাকী টেক্স	থাইল্যান্ড	সাব-স্টাফ (মেসেঞ্জার, ড্রাইভার ও অন্যান্য)
ডিসকস-৩০%, পলিষ্টার-৩০%, কটন-৪০%, বহর-৫৮"/৬০", রং-কালো	রেমন্ড	চায়না	প্যান্ট

অন্যান্য শর্তাবলী:

- মেজারমেন্ট দেওয়ার ৪৫ দিনের মধ্যে পোশাক ব্যাংকের কর্পোরেট হেড অফিসে সরবরাহ করতে হবে, বিলম্বের জন্য প্রতি সপ্তাহে মোট কার্যাদেশমূল্যের ০.৫০% হারে জরিমানা হিসাবে কর্তন করা হবে।
- সরবরাহকৃত পোশাকে তৈরী জনিত ত্রুটি যেমন সেলাই, দাগ, ফিটিংস ইত্যাদির সমস্যা থাকিলে অথবা কাপড়ের নমুনা মোতাবেক পোশাক সরবরাহ না করা হলে, অভিযোগ করার ১০ দিনের মধ্যে নিজ খরচে পরিবর্তন করে দিতে হবে।
- কার্যাদেশের বিপরীতে কোন অগ্রিম অর্থ প্রদান করা হবে না, তবে মোট কার্যাদেশের ৫০% (পঞ্চাশ শতাংশ) পোশাক সরবরাহ করার পর দাখিলকৃত প্রদেয় বিলের সর্বোচ্চ ৭০% (সত্তর শতাংশ) পর্যন্ত বিল প্রদান করা যেতে পারে এবং প্রাপ্য বিলের বাকী অংশ সম্পূর্ণ পোশাক সরবরাহ করার পর পরিশোধ করা হবে।
- কোন কারণ দর্শানো ব্যতীত ব্যাংক কর্তৃপক্ষ সম্পূর্ণ বা আংশিক দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ রাখে।

অতএব, উল্লেখিত তথ্য, সময় ও সংযুক্ত কাপড়ের নমুনা মোতাবেক সিলমোহরকৃত দরপত্র সদস্য সচিব, প্রকিউরমেন্ট কমিটি, শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড, কর্পোরেট হেড অফিস, শাহজালাল ইসলামী ব্যাংক টাওয়ার, প্লট # ৪, ব্লক # সিডব্লিউএন(সি), গুলশান, ঢাকা-১২১২ এর বরাবর দাখিল/প্রদান করার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য যে, দরপত্রের একক মূল্য সরকারী ট্যাক্সসহ (ভ্যাট ব্যতীত, ভ্যাট ব্যাংক বহন করবে) দাখিল করতে হবে।

19/1/2020

মোহাম্মদ আল আমীন  
এফইও, সিএসডি

ধন্যবাদান্তে-  
19.01.2020  
মুঃ নূর-এ-আলম হোসাইন  
ভিপি, সিএসডি

19/1/2020  
মোঃ মাহবুবুর রশীদ  
ইভিপি এন্ড হেড অব সিএসডি